

কামারখন্দ কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ

(বিআরডিবি'র আওতাভুক্ত)

কামারখন্দ, সিরাজগঞ্জ।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং ৪৭.৬২.৮৮.৪৪.৮৫৩.১৮.০০৭.১৭.১০৩

তারিখঃ ২২/০৩/২০২২খ্রিঃ

কামারখন্দ ইউসিসিএ লিঃ এর পরিদর্শক পদে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্ত প্রতিপালন সাপেক্ষে সিরাজগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের (পুরুষ/মহিলা) নিকট হতে দরখাস্ত আহ্বান করা হলো।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	বয়স	শিক্ষাগত যোগ্যতা
০১	পরিদর্শক	০১ (এক)	১০,২০০-১০৭১০-১১২৫০-১১৮২০-১২৪২০-১৩০৫০-১৩৭১০-১৪৪০০-১৫১২০- ১৫৮৮০১৬৬৮০-১৭৫২০-১৮৪০০-১৯৩২০-২০২৯০-২১৩১০-২২৩৮০-২৩৫০০- ২৪৬৮০	সাধারণ ১৮-৩০ বছর, মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের ক্ষেত্রে ১৮-৩২ বছর	এইচ এসসি /স্নাতক/সমমান ডিগ্রী

শর্তাবলী :

০১। প্রার্থীর স্বহস্তে লিখিত আবেদনপত্র (স্পষ্টাক্ষরে) প্রার্থীর নাম, মোবাইল নম্বর, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে) বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) উল্লেখসহ

অন্যান্য যোগ্যতা কম্পিউটার প্রশিক্ষণ সনদ (যদি থাকে), জন্ম তারিখ, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, ২২/০৩/২০২২ তারিখে প্রকৃত বয়স, অভিজ্ঞতা বিবরণ (যদি থাকে) ইত্যাদি উল্লেখ পূর্বক নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বিআরডিবি, কামারখন্দ, সিরাজগঞ্জ, বরাবরে দাখিল করতে হবে।

- ক) পৌরসভার মেয়র / ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
- খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
- ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের ছায়াছবি।
- ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়াছবি।
- চ) আবেদনপত্রের সাথে ৫০০/= (পাঁচ শত) টাকার ব্যাংক ড্রাফট/ডিডি (অফেরৎযোগ্য) কামারখন্দ সেন্ট্রাল কো-অপারেটিভ এ্যাসোসিয়েশন লিঃ, সোনালী ব্যাংক, জামতৈল শাখা, কামারখন্দ, সিরাজগঞ্জ শিরোনামে জমা দিতে হবে।

- ০২। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- ০৩। আবেদনপত্র নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে আগামী ০৭/০৪/২০২২ তারিখের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে (হাতেহাতে/সরাসরি আবেদনপত্র গ্রহণযোগ্য নয়) এবং আবেদনপত্রের সাথে আবেদনকারীর বর্তমান ঠিকানা সম্বলিত ০৪ (চার) ইঞ্চি/ ১০ (দশ) ইঞ্চি মাপের একটি ফেরৎ খাম প্রেরণ করতে হবে।
- ০৪। আবেদন পত্র যাচাই বাছাইয়ের পর যোগ্য প্রার্থীর প্রবেশপত্র “আন্ডার সার্টিফিকেট অব পোস্টিং” এর মাধ্যমে ডাক যোগে প্রার্থীর বর্তমান ঠিকানায় প্রেরণ করা হবে।
- ০৫। নিয়োগকৃত কর্মচারী সংশ্লিষ্ট ইউসিসিএ লিঃ এর কর্মচারী হিসাবে গণ্য হবেন এবং ইউসিসিএ লিঃ'র কর্মচারীদের জন্য নির্ধারিত বেতন স্কেলে (১৪ তম গ্রেড) বিতরণকৃত ঋণের অর্জিত সেবামূল্যে এবং ইতিপূর্বে বিআরডিবি'র বিভিন্ন স্মারক মূলে নির্দেশিত অর্থ হতে নিয়োগকৃত কর্মচারীর বেতন ভাতাদি পরিশোধ করা হবে।
- ০৬। নিয়োগকৃত কর্মচারী, বিআরডিবি'র কর্মচারী হিসাবে ভবিষ্যতে রাজস্ব বাজেট ছুক্তি কিংবা বিআরডিবি'র চাকরির জন্য বা অগ্রাধিকার প্রাপ্ত মর্মে গণ্য হবেন না।
- ০৭। নিয়োগ লাভের জন্য নির্বাচিত প্রার্থীকে তার বৈধ অভিবাবক এবং স্থানীয় ০১ (এক) জন গণ্যমান্য ব্যক্তিকে জামিনদার হিসাবে ৩০০/= (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে কামারখন্দ ইউসিসিএলিঃ এর বরাবরে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- ০৮। নিয়োগ কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা একই দিনে গ্রহণ করা হবে।
- ০৯। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। কর্মচারী নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা সম্পন্ন স্থানীয় বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে। নিয়োগ প্রাপ্ত কর্মচারীকে বাংলাদেশের যে কোন ইউসিসিএলিঃ এ বদলী করা যাবে।
- ১১। সাক্ষাৎকারের সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের মূল কপি দাখিল করতে হবে।
- ১২। অসম্পূর্ণ / ক্রটিপূর্ণ এবং ০৭/০৪/২০২২খ্রিঃ তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সমূহ বাতিল বলে গণ্য হবে।
- ১৩। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ১৪। নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ আব্দুর রাজ্জাক্)

সদস্য সচিব

কর্মচারী নিয়োগ ও পদোন্নতি কমিটি

কামারখন্দ ইউসিসিএলিঃ

কামারখন্দ, সিরাজগঞ্জ।

ও

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

কামারখন্দ, সিরাজগঞ্জ

তারিখঃ ২২/০৩/২০২২ খ্রিঃ

স্মারক নং ৪৭.৬২.৮৮.৪৪.৮৫৩.১৮.০০৭.১৭.১০৩

অনুলিপি প্রেরণ করা হলো (বহুল প্রচারের জন্য) :

- ০১। সম্পাদক "দৈনিক যমুনা প্রবাহ" (বাজার স্টেশন), সিরাজগঞ্জ। ০১ (এক) দিনের জন্য আপনার পত্রিকায় অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ০২। উপজেলা অফিসার (সকল) কামারখন্দ, সিরাজগঞ্জ (আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হলো)।
- ০৩। চেয়ারম্যান, (সকল) কামারখন্দ, সিরাজগঞ্জ (আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হলো)।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। পরিচালক (সরেজমিন), বিআরডিবি, সদর দপ্তর, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ কামারখন্দ, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ০৩। উপপরিচালক, বিআরডিবি, সিরাজগঞ্জ।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ০৫। সভাপতি, কামারখন্দ ইউসিসিএলিঃ, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ০৬। নোটিশ বোর্ড, কামারখন্দ ইউসিসিএলিঃ, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ০৭। সংশ্লিষ্ট নথি।